ঘরের মাঠে হার কেরলের

আইএসএলে ফের হার কেরালা ব্লাস্টার্সের। ঘরের মাঠে হায়দরাবাদ এফসি-র কাছে ১-২ হারল কেরল। জেসুস জিমেনেজের গোলে ১৩ মিনিটে এগিয়ে যায় কেরল। ৪৩ মিনিটে আন্দ্রে আলবা সমতা ফেরান। ৭০ মিনিটে পেনাল্টি থেকে জয়সূচক গোলও আলবার।

চ্যাম্পিয়ন্স লিগে জয়ী বায়ার্ন, হার আর্সেনালের

দুরন্ত বার্সার জয়রথ ছুটছে

আজকালের প্রতিবেদন

লা লিগার পাশাপাশি এবার চ্যাম্পিয়ন্স লিগেও অপ্রতিরোধ্য গতিতে ছুটছে বার্সিলোনা। প্রথম ম্যাচে মোনাকোর কাছে হার থেকে শিক্ষা নিয়ে ঘুরে দাঁড়িয়েছেন লামিন ইয়ামালরা। ইয়ং বয়েজ, বায়ার্ন মিউনিখের পর বুধবার রাতে সার্বিয়ার রেডস্টার বেলগ্রেডকেও বড় ব্যবধানে হারাল কাতালান জায়ান্টরা। ম্যাচের ফল বার্সার পক্ষে ৫-২। জোড়া গোল করলেন রবার্ট লেওয়ানডস্কি। বাকি তিন গোল ইনিগো মার্টিনেজ, রাফিনহা ও ফারমিন লোপেজের। এই নিয়ে চলতি প্রতিযোগিতায় ৪ ম্যাচে ৫ গোল করলেন লেওয়ানডস্কি ও রাফিনহা।

১৩ মিনিটের মাথায় প্রথম গোল করেন মার্টিনেজ। রাফিনহার ফ্রি কিক থেকে হেডে দর্শনীয় গোল বার্সার এই ডিফেন্ডারের। কিছুক্ষণ পরেই বেলগ্রেড গোল শোধ করে। এরপর লেওয়ানডস্কি সহজ সুযোগ নষ্ট করেন। প্রথমার্ধের শেষদিকে তিনিই অবশ্য বার্সাকে ফের এগিয়ে দেন। রাফিনহার দূরপাল্লার শট বারপোস্টে লেগে ফেরত আসে। চলতি বলে পা ছুঁইয়ে গোল করেন লেওয়ানডস্কি। বিরতির পর ৫৩ মিনিটে ফের গোল লেওয়ানডস্কির। ৩-১ এগিয়ে যেতেই গোল সংখ্যা বাড়ানোর লক্ষ্যে মরিয়া হয়ে ঝাঁপায় বার্সিলোনা। অবশেষে ৫৫ মিনিটে গোল পেলেন রাফিনহা। বেলগ্রেডের গোলরক্ষককে দাঁড় করিয়ে গোলার মতো শটে গোল করেন তিনি। ৭৬ মিনিটে বার্সার হয়ে শেষ গোল পরিবর্ত হিসেবে নামা লোপেজের। ৮৪ মিনিটে প্রতিপক্ষ দ্বিতীয় গোল করলেও বার্সিলোনার জয় ততক্ষণে নিশ্চিত হয়ে গিয়েছে। ম্যাচ শেষে লেওয়ানডস্কি বলেন, 'আমরা আজ আবার খুব ভাল খেলেছি। প্রথম থেকে শেষ পর্যন্ত ম্যাচের রাশ আমাদের নিয়ন্ত্রণে রেখেই মূল্যবান তিন পয়েন্ট পেয়েছি।'

গত ম্যাচে বার্সার কাছে হারের ধাক্কা কাটিয়ে এদিন জয়ে ফিরল বায়ার্নও। বেনফিকার বিরুদ্ধে তারা জিতল ১-০ গোলে। হ্যারি কেনরা যে জয়ে ফিরতে মরিয়া থাকবেন, তা ভালমতোই জানত বেনফিকা। তাই বায়ার্নকে চাপে রাখতে তারা প্রতি-আক্রমণ নির্ভর ফুটবল খেলেছে। ফলে দু'দলই বেশ কিছু গোলের সুযোগ পেয়েছে গোটা ম্যাচে। স্ট্রাইকারদের ব্যর্থতায় ম্যাচের প্রথমার্ধ গোলশূন্য ছিল। অবশেষে দ্বিতীয়ার্ধের ৬৭ মিনিটে একমাত্র গোল করেন জামাল মুসিয়ালা। তবে বায়ার্নের এই জয়ের আনন্দ ফিকে হয়ে যায় এক সমর্থকের মৃত্যুর খবরে। জানা গিয়েছে, ম্যাচ শুরুর আধঘণ্টার মধ্যেই গ্যালারিতে অসুস্থ হয়ে পড়েন তিনি। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই মারা যান। মৃত্যুর কারণ নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে।

এদিকে, হেরে গিয়েছে আর্সেনাল ও প্যারিস সাঁ জাঁ। অ্যাটলেটিকো মাদ্রিদ ২-১ হারিয়েছে পিএসজি-কে। ওয়ারেন জাইরে-এমেরির গোলে ১৪ মিনিটে এগিয়ে যায় পিএসজি। চার মিনিটের ব্যবধানে সেই গোল শোধ করেন নাহুয়েল মোলিনা। দ্বিতীয়ার্ধের সংযুক্তি সময়ে অ্যাঞ্জেল কোরিয়ার গোলে জয় পায় অ্যাটলেটিকো। আর ইন্টার মিলান ১-০ হারিয়েছে আর্সেনালকে। প্রথমার্ধের সংযুক্তি সময়ে পেনাল্টি থেকে গোলটি করেন হাকান চালহানোগলু।

গোলের পর লেওয়ানডস্কিকে অভিবাদন ইয়ামালের। আছেন ডে জং-ও। ছবি: এএফপি

গোলের উচ্ছ্বাস মুসিয়ালার। ছবি: এএফপি

বড় ম্যাচে ইস্টবেঙ্গল রক্ষণে বদলের ভাবনা অস্কারের

রাজর্ষি গাঙ্গুলি

হিজাজি মাহেরের পারফরমেন্স ইস্টবেঙ্গলের নতুন কোচ অস্কার ব্রুজোনের বিরক্তি বাড়িয়েছে। সূত্রের খবর, ইতিমধ্যেই তাঁর পরিবর্ত খোঁজার কাজও শুরু হয়ে গেছে। তার মধ্যেই মঙ্গলবার ইস্টবেঙ্গল মাঠে অনুশীলনে হিজাজির আচরণে অসন্তুষ্ট অস্কার। সব মিলিয়ে অস্কার যে প্ল্যান বি ভাবতে শুরু করে দিয়েছেন, তা বুধবারের অনুশীলনে পরিষ্কার। এদিন বেশিরভাগ সময় হিজাজির পরিবর্তে রক্ষণে খেলানো হল জিকসন সিংকে। আনোয়ারের সঙ্গে জুটি বাঁধলেন তিনি। জিকসন দীর্ঘদিন এই পজিশনে খেলেন না। তার মধ্যে বড় ম্যাচ। ফলে বিষয়টা ঝুঁকির। কিন্তু অস্কার চাইছেন, স্বদেশি এবং বিদেশি ফুটবলার বলে নয়, ফুটবলারদের পারফরমেন্সই তাদের জায়গা করে দিক প্রথম দলে। হেক্টর চোটের জন্য স্পেনে। হিজাজি এবং ক্লেইটনের পারফরমেন্সে অখুশি ইস্টবেঙ্গল কোচ। তাই অস্কার চাইছেন তিন বিদেশি নিয়েই বড় ম্যাচ খেলতে। কিন্তু এই বিদেশিহীন রক্ষণের সিদ্ধান্ত বেশ ঝুঁকিপূর্ণ। সে কথা মাথায় রেখে কোচের সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলছে ম্যানেজমেন্ট। অস্কার নিজের সিদ্ধান্তে অটল থাকলেও চূড়ান্ত সিদ্ধান্ত হবে শুক্রবার। তবে শেষ পর্যন্ত যদি সত্যিই হিজাজি, ক্লেইটনকে বেঞ্চে রেখে তিন বিদেশি নিয়ে নামে ইস্টবেঙ্গল, তাহলে তা দৃষ্টান্তমূলক হতে চলেছে। আর বৃহস্পতিবার রাত পর্যন্ত সেই সম্ভাবনাই বেশি।

চলতি আইএসএলে এখনও একটি ম্যাচেও পয়েন্ট পায়নি ইস্টবেঙ্গল। নতুন কোচের হাত ধরে আইএসএলে শনিবার তাই ইস্টবেঙ্গলের ঘুরে দাঁড়ানোর ম্যাচ। অনুশীলনে একটা বিষয় পরিষ্কার, মহমেডানের বিরুদ্ধে প্রথম থেকে শেষ পর্যন্ত আক্রমণাত্মক ফুটবল খেলবে ইস্টবেঙ্গল। চেষ্টা থাকবে যত দ্রুত সম্ভব গোল তুলে নেওয়া যায়। প্রতিপক্ষ দলের আক্রমণ রচনার মূল অস্ত্র অ্যালেক্সিসের জন্য থাকবে বাড়তি পরিকল্পনা। তবে, অস্কারের অনুশীলন দেখলে আর একটা বিষয় ভালভাবেই বোঝা যাচ্ছে। ফুটবলারদের মধ্যে ভাল কিছু করার তাগিদ বেড়েছে কয়েকগুণ। সেটপিসের সময় গোটা দল নেমে এসে ডিফেন্স করছে। বড়সড় অঘটন না ঘটলে ব্রাজিলিয়ান স্ট্রাইকার ক্লেইটন সিলভার বিদায় নিশ্চিত। ফর্মের ধারে-কাছে না থাকা ক্লেইটন বুধবার অনুশীলনের পর জানিয়ে গেলেন, 'একটা ম্যাচ হিসেবে দেখলে, এই ম্যাচটা জেতা আমাদের কাছে গুরুত্বপূর্ণ। কিন্তু আরও একটা কথা আমাদের মাথায় রাখতে হবে। এটা ডার্বি। তাই বাড়তি গুরুত্ব রয়েছে।'

ওড়িশার শক্তি চিন্তা মোলিনার

আজকালের প্রতিবেদন

ছট পুজোর উৎসব ঘিরে বাবুঘাটমুখী মোহনবাগান তাঁবুর সামনের রাস্তা জুড়ে জনতার স্রোত। তাতে সবুজ-মেরুন ফুটবলারদের ওড়িশা ম্যাচের প্রস্তুতি থেমে থাকেনি। পুলিশের সঙ্গে কথা বলে কোচ-ফুটবলারদের ক্লাবের অনুশীলনে আসার ব্যবস্থা করেছিলেন দলের দায়িত্বে থাকা সিকিউরিটি অফিসার। দলের গুরুত্বপূর্ণ ফুটবলার গ্রেগ স্টুয়ার্ট এদিনও অনুশীলন করেননি। রিহ্যাবেই সময় কাটালেন। রবিবার ওড়িশার মুখোমুখি হওয়ার আগে গ্রেগের পুরোপুরি ম্যাচ ফিট হওয়া কঠিন। সেক্ষেত্রে কলিঙ্গ স্টেডিয়ামে ওড়িশার বিরুদ্ধে ম্যাকলারেনের পাশে পেত্রাতোসের শুরুতে খেলার সম্ভাবনাই প্রবল। বাগান কোচ মোলিনা অবশ্য চিন্তিত নন। যেমন উদ্বিগ্ন নন ওড়িশা ম্যাচের আগে দলের একাধিক ফুটবলার হলুদ কার্ড দেখে থাকায়। তবে কার্ড থাকলেও ওড়িশা ম্যাচে আপুইয়াকে ব্যবহারের পথে হাঁটতে পারেন কোচ মোলিনা, ওড়িশা মাঝমাঠে আহমেদ জাহুর মতো ফুটবলার থাকায়। অনুশীলনে ইঙ্গিত মিলেছে।

কার্ড সমস্যা নিয়ে মোলিনার বক্তব্য, 'মূল লক্ষ্য আইএসএল চ্যাম্পিয়ন হওয়া, ফেয়ার প্লে ট্রফি নয়। কোনটা কার্ডের যোগ্য অপরাধ, আর কোনটা নয়, সেটা রেফারির ওপর নির্ভর করে। সেটা নিয়ে কিছু বলার জায়গা নেই। ওড়িশা শক্তিশালী প্রতিপক্ষ। ৩ পয়েন্টের লক্ষে ঝাঁপাবে। তাই সতর্ক থাকতে হবে।

মাঞ্জকির দায়বদ্ধতা প্রেরণা মহমেডানের

সায়ন গুপ্ত

বাবাকে হারানোর দুঃসংবাদ হায়দরাবাদ ম্যাচের আগেই পেয়েছিলেন। এর প্রভাব যাতে দলের ওপর না পড়ে, সেইজন্য ম্যাচের আগে সতীর্থদের জাননি। ২৬ অক্টোবর ম্যাচের পর ঘটনা জানিয়ে দেশে ফিরে যান সেজার মাঞ্জকি। বাবার প্রয়াণের সময় পরিবারের পাশে ছিলেন না। বৃহস্পতিবার ছিল শেষকৃত্য। সেদিনও থাকতে পারলেন না। বলা ভাল থাকতে চাইলেন না। মন শক্ত করে অনুশীলনে মগ্ন রইলেন এই সেন্ট্রাল আফ্রিকার স্টাইকার। একটাই কারণ। দলের প্রতি দায়বদ্ধতা।

আইএসএলে হারের হ্যাটট্রিক হয়ে গিয়েছে। এই অবস্থায় শনিবার ইস্টবেঙ্গলের মুখোমুখি হবে মহমেডান। বড় ম্যাচের আগে দলকে উজ্জীবিত করতে শুক্রবার পেপটক দেবেন বিশ্বকাপজয়ী ক্রিকেটার সন্দীপ পাটিল। তার আগে দলেকে তাতাচ্ছে মাঞ্জকির দায়বদ্ধতা। এদিন অনুশীলন শেষে আবেগপ্রবণ হয়ে মাঞ্জকি বললেন, 'বাবা বেশ কয়েকদিন ধরে অসুস্থ ছিলেন। কলকাতায় এনে চিকিৎসার ব্যাপারে কথা বলছিলাম। কিন্তু কিছু করে ওঠার আগেই চলে গেলেন। হায়দরাবাদ ম্যাচের আগে খবর পেয়েছিলাম। আমার কথাতেই কোচ কাউকে জানাননি।' আবেগ নিয়ন্ত্রণে এনে মাঞ্জকি পরে বলেন, 'এদিন যখন অনুশীলন করছিলাম, তখন বাড়িতে বাবার শেষকৃত্য সম্পন্ন হল। এই ম্যাচটার জন্যই ফিরে এসেছি। দলের স্বার্থে আবেগ সরিয়ে নিজেকে বড় ম্যাচের জন্য তৈরি করছি।' মাঞ্জকির মানসিকতা, আবেগ ছুঁয়ে গিয়েছে স্ট্রাইকার ফ্রাঙ্কাকে। কুর্নিশ জানিয়ে এই ব্রাজিলীয় বলেন, 'ওর পেশাদারিত্বকে কুর্নিশ। এমন কঠিন সময়ে মন শক্ত রেখে দলের জন্য ওর এই ত্যাগ সত্যিই অনুপ্রেরণার।'

যুবভারতী ক্রীড়াঙ্গনের প্র্যাকটিস গ্রাউন্ডে এদিন মূলত সেটপিস অনুশীলনের ওপরই জোর দিলেন সাদা-কালো কোচ আন্দ্রে চেরনিশভ। সেটপিসে বৈচিত্র্য আনার পাশাপাশি রক্ষণে বল বিপন্মুক্ত করার ওপরও জোর দেন তিনি।

চোয়ালে ১০ সেলাই কুবারসির

আজকালের প্রতিবেদন

ম্যাচের বয়স তখন ৭০ মিনিট। রেডস্টার বেলগ্রেডের বিরুদ্ধে ৪-১ গোলে এগিয়ে বার্সিলোনা। ইয়ামালরা তখন গোল সংখ্যা বাড়াতে মরিয়া। অন্যদিকে, বেলগ্রেডের নজর ব্যবধান কমানোর দিকে। এমন সময়ে বার্সার রক্ষণে ঘটল সেই ভয়ঙ্কর ঘটনা। প্রতিপক্ষের ডিফেন্ডার উরোস স্পাজিচ বলের দখল নিতে লাফিয়ে ওঠেন। সেই সময় তাঁর বুটের স্টাডে সজোরে আঘাত লাগে বার্সার পাও কুবারসির চোয়ালে। মুখে, হাত দিয়ে মাঠেই শুয়ে পড়েন কুবারসি। চোয়াল ফেটে তখন গলগল করে রক্ত বেরোচ্ছে।

সঙ্গে সঙ্গে তাঁকে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। বার্সা সূত্রে খবর, কুবারসির মুখের দু'দিকে মোট ১০টি সেলাই পড়েছে। সেই ছবিও পোস্ট করা হয়েছে বার্সার তরফে। এদিকে, এই চোটের ফলে বার্সার পরের ম্যাচে কুবারসির খেলা নিয়ে সংশয় দেখা দিয়েছে। রবিবার রাতে বার্সার পরের ম্যাচ লা লিগায় রিয়েল সোসিয়েদাদের বিরুদ্ধে।

লিন্ডে ইন্ডিয়া লিমিটেড

CIN: L40200WB1935PLC008184

রেজিস্টার্ড অফিস: অক্সিজেন হাউস, পি-৪৩, তারাতলা রোড, কলকাতা-৭০০০৮৮, ভারত
ফোন: +৯১ ৩৩ ৬৬০২ ১৬০০; ফ্যাক্স: +৯১ ৩৩ ২৪০১ ৪২০৬
contact.lg.in@linde.com

৩০ সেপ্টেম্বর, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক ও ছয় মাসের পুঞ্জীভূত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার

(মিলিয়ন টাকার অঙ্কে)

বিবরণ	৩০ সেপ্টেম্বর, ২০২৪ সমাপ্ত তিন মাস (অনিরীক্ষিত)	৩০ জুন, ২০২৪ সমাপ্ত তিন মাস (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৩ সমাপ্ত তিন মাস (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৪ সমাপ্ত ছয় মাস (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৩ সমাপ্ত ছয় মাস (অনিরীক্ষিত)	৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত বছর (নিরীক্ষিত)
কারবার থেকে রাজস্ব (ক)	৬,৩৪৪.১৫	৬,৫৩২.২৯	৭,১১৩.৫৩	১২,৮৭৬.৪৪	১৪,৩২৩.৫৮	২৭,৬৮৬.৬৯
অন্যান্য আয় (খ)	১৬৪.৫০	১৯১.০৯	১৮৫.৪৯	৩৫৫.৫৯	৩৬৮.২৩	৭৭০.১২
মোট আয় (ক + খ)	**৬,৫০৮.৬৫**	**৬,৭২৩.৩৮**	**৭,২৯৯.০২**	**১৩,২৩২.০৩**	**১৪,৬৯১.৮১**	**২৮,৪৫৬.৮১**
সংশ্লিষ্ট মেয়াদে নেট মুনাফা (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে)	১,৪৩৩.৮৬	১,৫১৮.৪৬	১,৪৩২.৮৪	২,৯৫২.৩২	২,৭৭২.০১	৫,৭৮৮.৭২
সংশ্লিষ্ট মেয়াদে কর-পূর্ব নেট মুনাফা (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে)	১,৪৩৩.৮৬	১,৫১৮.৪৬	১,৪৩২.৮৪	২,৯৫২.৩২	২,৭৭২.০১	৫,৭৮৮.৭২
সংশ্লিষ্ট মেয়াদে কর-পরবর্তী নেট মুনাফা (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে)	১,০৬৪.২৪	১,১৩৬.৮৯	১,০৮৭.২৬	২,২০১.১৩	২,০৮৬.০৫	৪,৩৪০.৮৬
সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয় [উক্ত মেয়াদে মুনাফা (কর-পরবর্তী) এবং অন্যান্য বোধগম্য আয় (কর-পরবর্তী) অন্তর্ভুক্ত করে]	১,০৬১.৭২	১,১৩৪.৩২	১,০৮৩.৯২	২,১৯৬.০৪	২,০৭৯.৪১	৪,৩০৬.৩৬
ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটির অভিহিত মূল্য ₹১০)	৮৫২.৮৪	৮৫২.৮৪	৮৫২.৮৪	৮৫২.৮৪	৮৫২.৮৪	৮৫২.৮৪
পূর্ববর্তী হিসাববর্ষের ব্যালান্স শিট অনুযায়ী পুনর্মূল্যায়ণ রিজার্ভ বাদে রিজার্ভ						৩৩,৮৩১.৪৮
₹১০ মূল্যের প্রতিটি শেয়ার পিছু আয় (ব্যতিক্রমী দফাসমূহের আগে)						
- বুনিয়াদি এবং মিশ্রিত (₹)	১২.৪৮	১৩.৩৩	১২.৭৫	২৫.৮১	২৪.৪৬	৫০.৯০
₹১০ মূল্যের প্রতিটি শেয়ার পিছু আয় (ব্যতিক্রমী দফাসমূহের পরে)						
- বুনিয়াদি এবং মিশ্রিত (₹)	১২.৪৮	১৩.৩৩	১২.৭৫	২৫.৮১	২৪.৪৬	৫০.৯০

মুখ্য স্বতন্ত্র তথ্যাবলি

(মিলিয়ন টাকার অঙ্কে)

বিবরণ	৩০ সেপ্টেম্বর, ২০২৪ সমাপ্ত তিন মাস (অনিরীক্ষিত)	৩০ জুন, ২০২৪ সমাপ্ত তিন মাস (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৩ সমাপ্ত তিন মাস (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৪ সমাপ্ত ছয় মাস (অনিরীক্ষিত)	৩০ সেপ্টেম্বর, ২০২৩ সমাপ্ত ছয় মাস (অনিরীক্ষিত)	৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত বছর (নিরীক্ষিত)
কারবার থেকে রাজস্ব (ক)	৬,৩৪৪.১৫	৬,৫৩২.২৯	৭,১১৩.৫৩	১২,৮৭৬.৪৪	১৪,৩২৩.৫৮	২৭,৬৮৬.৬৯
অন্যান্য আয় (খ)	১৬৪.৫০	১৯১.০৯	১৮৫.৪৯	৩৫৫.৫৯	৩৬৮.২৩	৭৭০.১২
মোট আয় (ক + খ)	**৬,৫০৮.৬৫**	**৬,৭২৩.৩৮**	**৭,২৯৯.০২**	**১৩,২৩২.০৩**	**১৪,৬৯১.৮১**	**২৮,৪৫৬.৮১**
সংশ্লিষ্ট মেয়াদে কর-পূর্ব নেট মুনাফা (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে)	১,৪১৩.৪৮	১,৪৯৬.৯৪	১,৪১২.৬৪	২,৯১০.৪২	২,৭৩৪.৪৪	৫,৭১১.২২
সংশ্লিষ্ট মেয়াদে কর-পরবর্তী নেট মুনাফা (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে)	১,০৪৩.৮৬	১,১১৫.৩৭	১,০৬৭.০৬	২,১৫৯.২৩	২,০৪৮.৪৮	৪,২৬৩.৩৬

দ্রষ্টব্য:

১. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি ৭ নভেম্বর, ২০২৪ আয়োজিত নিজ নিজ সভায় অডিট কমিটি দ্বারা পর্যালোচিত এবং পরিচালকমণ্ডলী দ্বারা অনুমোদিত হয়েছে।

২. উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ মোতাবেক স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ বয়ানের সংক্ষিপ্তসার। এই ত্রৈমাসিক আর্থিক ফলাফলের পূর্ণ বয়ান কোম্পানির ওয়েবসাইট (www.linde.in)-সহ স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটেও (www.nseindia.com এবং www.bseindia.com) উপলব্ধ রয়েছে।

পরিচালকমণ্ডলীর জন্য ও তরফে
অভিজিৎ ব্যানার্জি
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 08456907

৭ নভেম্বর, ২০২৪
বেঙ্গালুরু

আমাদের ওয়েবসাইট দেখুন: www.linde.in

অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (এআরসিআইএল)

Arcil Premier ARC

মেসার্স কামাক্ষ্যা ডিজাইনার প্রাঃ লিঃ-এর সঙ্গে সম্পর্কিত আর্থিক পরিসম্পদের প্রেক্ষিতে গঠিত
এআরসিআইএল-এসবিপিএস-০০১-XIII-ট্রাস্টের ট্রাস্টিরূপে অর্পিত ক্ষমতাবলে ক্রিয়ারত
এআরসিআইএল অফিস: দ্য রুবি, ১০ নং ফ্লোর, ২৯, সেনাপতি বাপট মার্গ, দাদার (ওয়েস্ট), মুম্বই-৪০০০২৮
ওয়েবসাইট: **www.arcil.co.in; CIN: U65999MH2002PLC134884**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৬, ৮ ও ৯-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে অনলাইন ই-নিলামের মাধ্যমে সম্পত্তি বিক্রির প্রকাশ্য বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ ('রুলস')-এর রুল ৬, ৮ ও ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ('অ্যাক্ট')-এর সংস্থানসমূহের শর্তাধীনে নীচে প্রতিটি অ্যাকাউন্টের [১৮ জুলাই, ২০১৪ তারিখের রেজিস্টার্ড ভারার্পণ চুক্তি অনুযায়ী স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া দ্বারা এআরসিআইএল-এর প্রতি আর্থিক পরিসম্পদ ভারার্পণ চুক্তির প্রেক্ষিতে] পাশে উল্লিখিত **এআরসিআইএল-এসবিপিএস-০০১-XIII-ট্রাস্টের** ট্রাস্টিরূপে অর্পিত ক্ষমতাবলে ক্রিয়ারত অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেডের ('এআরসিআইএল') পাওনা ও অনাদায়ী অর্থাঙ্ক, তদুপরি উদ্ভূত সুদ, চার্জ ও মাশুল ইত্যাদি পুনরুদ্ধারের জন্য অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড-এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নলিখিত স্থাবর সম্পত্তি(গুলি) 'যেমন আছে', 'যেখানে আছে', 'যেভাবে আছে' ও 'রিকোর্স ছাড়া' ভিত্তিতে অনলাইন ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।

ঋণগ্রহীতার নাম	**মেসার্স কামাক্ষ্যা ডিজাইনার প্রাঃ লিঃ, ৮সি, নর্দার্ন অ্যাভিনিউ, ফার্স্ট ফ্লোর, কলকাতা-৭০০০৩৭; বিকল্প ঠিকানা: ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫** প্রতিনিধিত্বকারী- মিঃ নিরুপম সাহা (ডিরেক্টর), ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫; মিসেস সুজাতা সাহা (ডিরেক্টর), ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫	
জামিনদারগণ/ সহ-ঋণগ্রহীতাগণ/ বন্ধকদাতাগণের নাম	(১) মিঃ নিরুপম সাহা, ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ (২) মিসেস সুজাতা সাহা, ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ (৩) মিঃ অনুপম সাহা, ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ (৪) মিঃ বৈদ্যনাথ সাহা, ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫ (৫) মিসেস ডলি সাহা, ২১১ বাস স্ট্যান্ড, থানা- রাজারহাট, কলকাতা-৭০০১৩৫	
১০ জানুয়ারি, ২০১২ তারিখের সারফায়েসি নোটিস অনুসারে বকেয়া অর্থাঙ্ক	₹৬,৯৬,৫০,১৯৫/- (ছয় কোটি ছিয়ানব্বই লক্ষ পঞ্চাশ হাজার একশো পঁচানব্বই টাকা মাত্র), ৩০ এপ্রিল, ২০১৫ অনুযায়ী + ১ মে, ২০১৫ থেকে অর্থাঙ্ক পরিশোধ/ আদায়ের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ	
দখলের প্রকৃতি	সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর সংস্থান অনুযায়ী ১৭ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে এআরসিআইএল সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছে।	
পরিদর্শনের তারিখ	**অনুরোধ জানালে ব্যবস্থা করা হবে**	
বায়না জমা (ইএমডি)	ইএমডি অর্থাঙ্ক: ₹৪,৬০,০০০/- (চার লক্ষ ষাট হাজার টাকা মাত্র) বায়না জমা '**Asset Reconstruction Company (India) Ltd.', কারেন্ট অ্যাকাউন্ট নং: 02912320000561, HDFC Bank Limited, ব্রাঞ্চ: Lower Parel, Mumbai, আইএফএস কোড: HDFC0000291** বরাবরে ডিমান্ড ড্রাফ্ট বা আরটিজিএস-এর মাধ্যমে জমা দিতে হবে।	
বিড এবং ইএমডি জমার শেষ তারিখ	১১.১২.২০২৪, সকাল ১১টার মধ্যে	
সংরক্ষণ মূল্য	**₹৪৬,০০,০০০/- (ছেচল্লিশ লক্ষ টাকা মাত্র)**	
বিড বাড়ানোর মূল্য	**₹২০,০০০/- (কুড়ি হাজার টাকা মাত্র) এবং এর গুণিতকে**	
ই-নিলামের তারিখ ও সময়	**১১.১২.২০২৪, দুপুর ২টো**	
টেন্ডার নথির লিঙ্ক	**www.arcil.co.in**	
এআরসিআইএল-এর জানা মামলা	**বারাসত, উত্তর ২৪ পরগনায় প্রথম সিভিল জজ (জুনিয়র ডিভিশন)-এর আদালতে টিএস ১৮৩/২০১০ মীমাংসাধীন রয়েছে**	
এআরসিআইএল-এর জানা দায়/বকেয়া	**সম্পত্তিটি একটি ভাড়াটিয়ার দখলে রয়েছে এবং টিএস ১৮৩/২০১০ টাইটেল স্যুটের প্রেক্ষিতে উক্ত ভাড়াটিয়াকে উচ্ছেদে স্থগিতাদেশ দিয়ে বারাসত, উত্তর ২৪ পরগনায় প্রথম সিভিল জজ (জুনিয়র ডিভিশন) একটি অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ জারি করেছেন এবং এটি বাদে অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির ওপর অন্য কোনও দায় নেই।**	
নিলাম হতে তলা সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	**বন্ধক রাখা সম্পত্তির বর্ণনা**	পরিমাপ: ৫ কাঠা উপরিস্থিত বাড়ি সমেত সামান্য কমবেশি ৫ কাঠা জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: সাবেক দাগ নং ৬৪৯, আর এস হাল দাগ নং ৩৩৭, খতিয়ান নং ১৩১, এল আর খতিয়ান নং ২৪৭/১, জে এল নং ২৮, আর এস নং ৫০, তৌজি নং ২৯৯৮, এল আর তৌজি নং ১০, থানা- রাজারহাট, জেলা- উত্তর ২৪ পরগনা, মৌজা- ভাতেন্দা, সাব রেজিস্ট্রি অফিস- বিধাননগর সল্ট লেক সিটি, পরগনা- কলকাতা। চৌহদ্দি নিম্নরূপ: উত্তর- একই দাগ নম্বরে ৭২ ফুট দীর্ঘ জমি; দক্ষিণ- আরতি বোসের ব্যক্তিগত রাস্তা; পূর্ব- একই দাগ নম্বরে ৫০ ফুট চওড়া রাস্তা; পশ্চিম- ২৫ ফুট চওড়া সরকারি রাস্তা। **০৪.০৫.২০০৬ তারিখের স্বত্বদলিল নং I-৪৮৩৮ অনুযায়ী সম্পত্তির মালিকানা যৌথরূপে মিঃ বৈদ্যনাথ সাহা, মিসেস ডলি সাহা, মিঃ অনুপম সাহা এবং মিঃ নিরূপম সাহার নামে।**

শর্ত ও নিয়মাবলি:

১. সারফায়েসি অ্যাক্টের সংস্থাধীনে অনুমোদিত অফিসার দ্বারা ই-নিলামের মাধ্যমে নিলাম বিক্রয় সম্পন্ন হবে। ওয়েবসাইট www.arcil.co.in এর মাধ্যমে 'অনলাইন ইলেকট্রনিক মোডে' নিলাম/বিডিং হবে। ই-নিলামের ব্যবস্থাপন